# ইঞ্জিনীয়ার স্বল্পতায় মুখ থুবড়ে বহু নির্মাণকাজ ঃ ত্রিপুরা

**সংবাদ প্রতিনিধি, জিরানীয়া, ৯ সেপ্টেম্বর ঃ** সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীকে মঞ্চে বসিয়ে দপ্তরের বেহাল চিত্র তুলে ধরে জনসমক্ষে বক্তব্য রাখেন সুপারিনটেনডেন্ট ইঞ্জিনীয়ার। গ্রাম উন্নয়ন দপ্তরের করুণ চিত্র বদলানোর কোন আশ্বাস নেই মন্ত্রী মানিক দের। প্রকৌশলী স্বল্পতার দরুন গ্রাম উন্নয়ন দপ্তরের কাজকর্ম যে মুখ থুবড়ে পড়েছে তা বক্তব্যে তুলে ধরেন খোদ দপ্তরের সুপারিনটেনডেন্ট ইঞ্জিনীয়ার ক্ষুদিরাম ত্রিপুরা। আজ জিরানীয়া ব্লক চৌমুহনীতে গোপীমোহন সাহা স্মৃতি নবনির্মিত মার্কেটের উদ্বোধনী অনুষ্ঠানে জুনিয়র ইঞ্জিনীয়ার স্বল্পতার কারণে গ্রাম উন্নয়ন দপ্তরের কাজকর্ম মুখ থুবড়ে পড়েছে বলে তিনি জানান। তার মতে, কাজের তুলনায় প্রকৌশলী নেই। যে কারণে যেমন নির্দিষ্ট সময়ে নির্মাণকাজ সমাপ্ত হচ্ছে না তেমনি কাজের গুণগতমানও সঠিকভাবে যাচাই করা সম্ভব হচ্ছে না। তিনি বলেন, একজন এগ্‌জিকিউটিভ ইঞ্জিনীয়ারের তত্বাবধানে ছয়শ কাজ রয়েছে।

কিন্তু তা দেখার জন্য জুনিয়র ইঞ্জিনীয়ার রয়েছেন মাত্র দুজন। নিজের মতামত ব্যক্ত করতে গিয়ে সুপারিনটেনডেন্ট ইঞ্জিনীয়ার ক্ষুদিরাম ত্রিপুরা বলেন, আমার দায়িত্বে রয়েছে খোয়াই ও সিপাহিজলা জেলা। ফলে কখনও কল এলে এদিক ওদিক যেতে হয়। তার উপর মিটিং রয়েছে। তা করতে ত্রিশদিন চলে যায়। সে কারণে সঠিকভাবে কাজের গুণগতমান যাচাই করা যায় না। কাজের তুলনায় ইঞ্জিনীয়ার স্বল্পতা দীর্ঘদিনের। এ নিয়ে কয়েকবার ডেপুটেশন দেওয়া হলেও পূর্ত দপ্তর থেকে ডেপুটেশনে ইঞ্জিনীয়ার দেওয়া হচ্ছে না। ফলে ব্যাঘাত ঘটছে কাজকর্মের। গ্রাম উন্নয়ন দপ্তরের মন্ত্রীকে মঞ্চে বসিয়ে ইঞ্জিনীয়ার স্বল্পতার চিত্র তুলে ধরে ক্ষুদিরামবাবু বক্তব্য রাখলেও এ নিয়ে কোন প্রতিক্রিয়া নেই মন্ত্রী মানিক দের। যে কারণে সংশ্লিষ্ট দপ্তরের কাজকর্মের গুণগত মান নিয়ে প্রশ্ন থেকেই যাচ্ছে। এদিনের অনুষ্ঠানে বক্তব্য রাখেন মন্ত্রী মানিক দে।

তিনি জাতি-উপজাতির ঐক্য সূদৃঢ় রাখার লক্ষ্যে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। মন্ত্রী বলেন, উন্নয়নের প্রথম শর্ত হচ্ছে শান্তি। সেই শান্তির পরিবেশ অক্ষুণ্ণ রাখার জন্য জাতি-উপজাতির ঐক্য অটুট থাকা প্রয়োজন। তিনি বলেন, শান্তিকে বিঘ্নিত করার জন্য চক্রান্ত চলছে। এক্ষেত্রে সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ জানান তিনি। বিদ্যুৎমন্ত্রী বলেন, রাজ্য এখন লোডশেডিংমুক্ত। আগামী এক বছরের মধ্যে রাজ্যের যে সমস্ত এলাকায় বিদ্যুৎ পৌঁছায়নি সেখানে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হবে। ছোট্ট রাজ্য ত্রিপুরা সারা দেশের মধ্যে নজির সৃষ্টি করে চলছে। সাক্ষরতা সহ নানা কাজে পুরস্কৃত হচ্ছে রাজ্য। উন্নয়নের কাজকে আরও দ্রুততার সঙ্গে সর্বত্র পৌঁছে দিতে তিনি শান্তি সম্প্রীতি অক্ষুণ্ণ রাখার আহ্বান জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা শাসক মিলিন্দ রামটেকে, পশ্চিম জেলা পরিষদের শিক্ষা স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সঞ্জয় দাস, নগর পঞ্চায়েত চেয়ারপার্সন প্রদীপ দেবনাথ, ভাইস চেয়ারপার্সন অমিতা দত্ত, মহকুমা শাসক বিম্বিসার ভট্টাচার্য, জিরানীয়া মার্কেটিং কোঃঅপারেটিভ সোসাইটির চেয়ারম্যান অজিতেন্দ্র রায় সহ অন্যরা। স্বাধীনতা সংগ্রামী গোপীমোহন সাহার নামাঙ্কিত মার্কেটের উদ্বোধনের সঙ্গে সঙ্গে এদিন ব্লক চৌমুহনী থেকে ব্লকটিলা যাবার রাস্তাটির নাম রমেন্দ্র দেব সরণী বলে ঘোষণা দেওয়া হয়। মার্কেটের পাশে অবস্থিত একটি অত্যাধুনিক শৌচাগারেরও উদ্বোধন করা হয় এদিন। এসপি ফাণ্ডের মোট এক কোটি চার লক্ষ একান্ন হাজার তিনশ চৌত্রিশ টাকা ব্যয়ে নির্মাণ করা হয় মার্কেটটি।

এছাড়াও বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলের বারো লক্ষ চব্বিশ হাজার আটশ টাকা ব্যয়ে নির্মাণ করা হয় শৌচাগারটি।

## দুর্ঘটনায় বিঘ্নিত যান চলাচল

**সংবাদ প্রতিনিধি, জিরানীয়া, ৯ সেপ্টেম্বর ঃ** অতিরিক্ত পণ্য পরিবহণের কারণে নিয়ন্ত্রণ হারিয়ে একটি জিপের টেইলার রাস্তায় উল্টে লরির সঙ্গে ধাক্কা লাগায় জাতীয় সড়কে যান চলাচল স্তব্ধ হয়ে পড়ে। ঘটনা রাণীরবাজার থানাধীন বৃদ্ধনগর এলাকায় আজ দুপুরে। জাতীয় সড়কে জিপ পণ্যসামগ্রী সহ আটকে থাকায় প্রায় আধঘণ্টা সড়কে যান চলাচল স্তব্ধ হয়ে পড়ে। পুলিশ এলাকাবাসীর সাহায্যে অবশেষে সড়ক থেকে গাড়িটি অন্যত্র নিতে সক্ষম হয়। অভিযোগ, কিছু জিপগাড়ি নিত্য অতিরিক্ত পণ্য বহন করে চলছে। পুলিশকে ফাইন মানি দিয়ে এই কাজ জারি রেখেছে চালকরা। যে হারে পণ্য বহন করা হয়ে থাকে তাতে যেকোন সময় বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা সাধারণ মানুষের।


অফিস অব দ্য ইন্সপেক্টর জেনারেল, বর্ডার সিকিউরিটি ফোর্স এইচকিউ
ত্রিপুরা ফ্রন্টিয়ার, শালবাগান, আগরতলা ত্রিপুরা (পশ্চিম) - ৭৯৯০১২

ফোন নং. ০৩৮১-২৩৯৭৫৬১ ফ্যাক্স নং. ০৩৮১-২৩৯৭৯৭২

**টেণ্ডার বিজ্ঞপ্তি**

ইন্সপেক্টর জেনারেল, বর্ডার সিকিউরিটি ফোর্স, ত্রিপুরা ফ্রন্টিয়ার ভারতের রাষ্ট্রপতির তরফে স্পেসিফিকেশন আই এস : ৯৬৮৫ : ২০০২-এর কিউপ্রামোনিয়াম - প্রুফড্ স্যাণ্ড ব্যাগ, পরিমাণ - ২,০০,০০০টি সরবরাহের জন্য ফার্মসমূহের (প্রস্তুতকারক/অনুমোদিত ডিলার) কাছ থেকে দ্বি-ডাক পদ্ধতিতে ডি আই জি (প্রভ), ফ্রন্টিয়ার এইচকিউ বি এস এফ ত্রিপুরা, পো : শালবাগান, আগরতলা, ত্রিপুরা (পশ্চিম), পিন - ৭৯৯০১২-এর নিকট সীলবন্ধ টেণ্ডার আহ্বান করছেন।

২. টেণ্ডার ফর্ম অনলাইনে পাওয়া যাবে সেন্ট্রাল পাব্লিক প্রকিওরমেন্ট পোর্টাল ওয়েবসাইট https:// eprocure.gov.in/eprocure/app এবং বি এস এফ ওয়েবসাইটে https://tender.gov.in। আগ্রহী ফার্মসমূহ (প্রস্তুতকারক/অনুমোদিত ডিলার) উপরোক্ত ওয়েবসাইট থেকে টেণ্ডার ফর্ম ডাউনলোড করতে পারেন এবং সেন্ট্রাল পাব্লিক প্রকিওরমেন্ট পোর্টাল ওয়েবসাইট মারফত তা জমা করতে পারেন। আইজি বি এস এফ এফ টি আর এইচ কিউ বি এস এফ ত্রিপুরার প্রতি উল্লেখ করে এস বি আই শালবাগান ব্রাঞ্চ কোড-৪৫৭০-তে প্রদেয় করে টা: ১,৩৫,০০০/- এর ইএমডি সহকারে নমুনা এই এইচকিউ-তে ১৯ অক্টোবর, ২০১৬ বেলা ১৮০০ ঘ: মধ্যে পাঠাতে হবে।

৩.ফ্রন্টিয়ার এইচকিউ বি এস এফ ত্রিপুরা-তে অনলাইন টেণ্ডার জমা করার শেষ তারিখ ১৯ অক্টোবর, ২০১৬ বেলা ১৮০০ ঘ:

ইন্সপেক্টর জেনারেল
এফটিআর এইচকিউ বি এস এফ ত্রিপুরার - পক্ষে।

davp 19110/11/0372/1617



**UNION PUBLIC SERVICE COMMISSION**

**CENTRAL ARMED POLICE FORCES (ACs) EXAMINATION, 2016**

The written result of the Central Armed Police Forces (ACs) Examination, 2016 has been declared by the Commission and the same is available on the Commission's Website (http://www.upsc.gov.in).

2. The candidates who have been declared qualified in the written examination are required to get themselves registered and fill up the Detailed Application Form ONLINE along with scanned copies of relevant documents through the Commission's Website http://www.upsc.gov.in. On-line Detailed Application Form will be available on the Commission's website from 14.09.2016 to 30.09.2016 till 11:59 PM. A hard copy of the On-line filled Detailed Application Form, along with relevant documents like proof of date of birth, educational qualification, caste, Civilian Central Govt. Service employee, resident of J&K etc. is to be submitted by the candidates to the Border Security Force authorities at the time of conduct of their Physical Standards Test / Physical Efficiency Test (PET) & Medical Standards Test.

3. Candidates are advised to intimate change in their address, if any, to the HQ, DG, BSF, Block No. 10, CGO Complex, Lodhi Road, New Delhi-110003, Telephone No. 011-24364851-55 Extension 2601/2606/2615/2623 FAX No. 011-24368233 & e-mail ID hdclkrectt@bsf.nic.in and U.P.S.C. through letter or FAX immediately, to facilitate delivery of communications to them promptly.

MOBILE PHONES ARE BANNDED IN THE CAMPUS OF UPSC

davp 55101/14/0009/1617


# দীপা-বিশ্বেশ্বরকে সংবর্ধনা জানাল সাহা টেক্সটাইলস

**সংবাদ প্রতিনিধি, আগরতলা, ৯ সেপ্টেম্বর ঃ** অলিম্পিকে বিশ্বের চতুর্থ শ্রেষ্ঠ জিমন্যাস্ট দীপা কর্মকার ও তার প্রশিক্ষক বিশ্বেশ্বর নন্দীকে সম্মাননা ও সংবর্ধনা প্রদান করলো সাহা টেক্সটাইলস। আজ সন্ধ্যায় আয়োজিত রাজধানীর এক হোটেলে এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপালের স্ত্রী অনুরাধা রায়, সাংবাদিক শানিত দেবরায়, সাহা টেক্সটাইলসের কর্ণধার কান্তি সাহা প্রমুখ।

## শনিবাসরীয় অনুষ্ঠান আজ

**আগরতলা, ৯ সেপ্টেম্বর ঃ** শনিবাসরীয় শাস্ত্রীয় সঙ্গীত আসর আগামীকাল সন্ধ্যায় রাজধানীর সৌহার্দ মিলনায়তনে হবে। অনুষ্ঠানে অংশ নেবেন গুরু শঙ্কর ভট্টাচার্য, সৌরভ চক্রবর্তী, তন্ময় ঋষিদাস, ডোনা দেবনাথ প্রমুখ।

## স্টোভ ফেটে মর্মান্তিক মৃত্যু বৃদ্ধার

**সংবাদ প্রতিনিধি, আগরতলা, ৯ সেপ্টেম্বর ঃ** স্টোভ ফেটে অগ্নিদগ্ধ হওয়া বৃদ্ধার মৃত্যু হয়েছে। তার দুই অগ্নিদগ্ধ ছেলের চিকিৎসা চলছে জিবি হাসপাতালে। ঘটনার বিবরণ দিয়ে পুলিশ জানায়, বুধবার নিজ বাড়িতে আচমকা স্টোভ ভেটে অগ্নিদগ্ধ হন সিধাই মোহনপুরের শ্রীমতী মিন্টু দত্ত (৬৫) সহ তার দুই ছেলে অরুণ দত্ত (৪৫) ও রঞ্জন দত্ত (৩৫)। অগ্নিদগ্ধ তিনজনকেই প্রথমে স্থানীয় হাসপাতাল ও পরে জিবি হাসপাতালে ভর্তি করা হয়।

শুক্রবার জি বি হাসপাতালে মৃত্যু হয় শ্রীমতী মিন্টু দত্তের। তার অগ্নিদগ্ধ দুই ছেলে অরুণ ও রঞ্জন দত্তের চিকিৎসা চলছে জিবি হাসপাতালে। বৃদ্ধার মর্মান্তিক মৃত্যুর ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে আসে।

## মাতৃভাষা মিশনের অনিল জন্মজয়ন্তী

**আগরতলা, ৯ সেপ্টেম্বর ঃ** মাতৃভাষা মিশনের উদ্যোগে গত ১লা সেপ্টেম্বর, সন্ধ্যা ৬টায় ড. গোপালমণি দাসের বাসভবনে উল্লেখযোগ্য সংখ্যক লেখক ও সাংস্কৃতিক ব্যক্তিত্বের উজ্জ্বল উপস্থিতিতে যথাযোগ্য মর্যাদায় কবি, প্রয়াত জননেতা অনিল সরকারের ৭৮তম জন্মজয়ন্তী পালিত হয়। দীর্ঘ লড়াই-সংগ্রামের মাধ্যমে, মানুষের জন্য নানা অবদানের মাধ্যমে, সৃজনশীল পথে তাঁর বর্ণময় উত্থান। সর্বস্তরের মানুষের জন্য বিশেষ করে পিছিয়ে পড়া মানুষের জন্যে তিনি বহু কিছু করেছেন।

এই সব কথাই শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেছেন এই অনুষ্ঠানে সমাগত সুধীজনেরা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন লেখক অগ্নিকুমার আচার্য, মাতৃভাষা মিশনের চেয়ারপার্সন, শিক্ষাবিদ ড. গোপালমণি দাস, মাতৃভাষা মিশনের সদর বিভাগীয় কমিটির সম্পাদক ড. আশিস কুমার বৈদ্য সহ বিশিষ্টজনেরা

## জলের দাবিতে পথ অবরোধ

**সংবাদ প্রতিনিধি, আগরতলা, ৯ সেপ্টেম্বর ঃ** পানীয় জলের জন্য হাহাকার চলছে আনন্দনগর আম্বেদকর ঋষি কলোনীতে। দীর্ঘদিন ধরে পানীয় জল সরবরাহের দাবি জলসম্পদ দপ্তরের অফিসে জানালেও কোন সুফল পাননি স্থানীয় মানুষ। ফলে বাধ্য হয়ে পানীয় জলের দাবিতে শুক্রবার আম্বেদকর ঋষি কলোনীতে পথ অবরোধে বসেন স্থানীয় মানুষ। পথ অবরোধের ফলে দীর্ঘক্ষণ যান চলাচল ব্যাহত হয়। পথ অবরোধের খবর পেয়ে শ্রীনগর থানার পুলিশ, পানীয় জল সম্পদ দপ্তরের কর্মীরা ছুটে আসেন। প্রতিশ্রুতি পেয়ে এলাকাবাসী পথ অবরোধ মুক্ত করেন।


**ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং. ১৫ অফ ২০১৬ তারিখ : ১.৮.২০১৬-এর সংশোধনী**

সিনিয়র ডিভিসনাল ইঞ্জিনিয়ার/সি/মালিগাঁও-এর **ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং. ১৫ অফ ২০১৬, তারিখ: ১.৮.২০১৬ অধীনে টেন্ডার নং. এমএলজি ২৫২০১৬ এবং এমএলজি ২৬২০১৬**-তে এতদ্বারা নিম্নলিখিত সংশোধন করা হয়েছে এবং **এখন সেগুলি নিম্নরূপে পড়তে হবে।**

(২১.২) যদি টেন্ডারদাতা বায়না অর্থ এবং টেন্ডার নথিপত্রের মূল্য ম্যানুয়াল আকারে যেমন ব্যাঙ্কার্স চেক/ডিমান্ড ড্রাফ্ট আকারে জমা দেন, তাহলে আইআরইপিএস পোর্টালে তিনি/তাদের এই ধরনের আর্থিক নথিপত্রের কপি আপলোড/স্ক্যান করবেন এবং টেন্ডার বন্ধের পূর্বে ঐগুলির মূল কপি জমা দেবেন, অন্যথায় প্রস্তাব সরাসরি বাতিল করা হবে। যদি স্ক্যান করা/আপলোড করা নথিপত্র এবং মূল নথিপত্রের মধ্যে কোন অমিল খুঁজে পাওয়া যায় তাহলে প্রস্তাব সরাসরি বাতিল করা হবে। মূল নথিপত্র টেন্ডার সেকশন, ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার/ডব্লু/মালিগাঁও-এর নিকট জমা দিতে হবে। টেন্ডারদাতা টেন্ডার নথিপত্রের মূল্য এবং বায়না অর্থের মূল কপি রেজিস্টার্ড পোস্ট/স্পীড পোস্ট মাধ্যমে সিনিয়র ডিভিসনাল ইঞ্জিনিয়ার/সি/মালিগাঁও, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে, গুয়াহাটি-১১-এর কার্যালয়ে পাঠাতেও পারবেন। যদিও রেলওয়ে প্রশাসন কোনরূপ ডাক বিলম্বের জন্য দায়ী থাকবে না।

**টেন্ডার বন্ধের তারিখ: ৩.১০.২০১৬ তারিখ ১৩.০০টায়** এবং **খোলার তারিখ: ৪.১০.২০১৬ তারিখ ১৫.৩০টায়।**

বিশদ বিবরণের জন্য অনুগ্রহ করে ওয়েবসাইট **www.ireps.gov.in** দেখুন।

**সিনিয়র ডিভিসনাল ইঞ্জিনিয়ার/কো-অর্ডিনেশন, মালিগাঁও**

**উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে**

প্রসন্নচিত্তে রেল পরিষেবা


# দুর্গাপুজো মিটে গেলেই তৃণমূল কমিটি ঃ মুকুল

**সংবাদ প্রতিনিধি, আগরতলা, ৯ সেপ্টেম্বর ঃ** দুর্গাপুজোর আগে আর ত্রিপুরা প্রদেশ তৃণমূল কংগ্রেস কমিটি ঘোষণা হচ্ছে না। দুর্গাপুজো পর্ব মিটে গেলে তারপর ত্রিপুরা প্রদেশ তৃণমূল কংগ্রেস কমিটি ঘোষণা দেওয়া হবে। পূর্ণাঙ্গ রাজ্য কমিটিই গঠন করা হবে। শুক্রবার সকালে কলকাতায় যাওয়ার আগে আগরতলা বিমানবন্দরে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সহসভাপতি তথা সাংসদ মুকুল রায় এ কথা বলেন। তাকে প্রশ্ন করা হয়, কেন কমিটি গড়তে আরও সময় নেওয়া হচ্ছে। তাতে মুকুলবাবু জানান, বিভিন্ন রাজনৈতিক দল থেকে আরও অনেক নেতা-নেত্রী তৃণমূলে যোগ দেবেন। তাই নতুন-পুরোনো সকলকে মর্যাদা দিয়ে ত্রিপুরা প্রদেশ তৃণমূল কংগ্রেস কমিটি গঠন করা হবে। তাই আরও একটু সময় নেওয়া হচ্ছে পূর্ণাঙ্গ কমিটি গঠনে বলে মুকুলবাবু জানান। ২০১৮ সালে বিধানসভা নির্বাচনে সি পি এম তথা বামফ্রন্ট সরকারকে ক্ষমতা থেকে উৎখাত করতে সেই লক্ষ্যে পূর্ণাঙ্গ প্রদেশ তৃণমূল কংগ্রেস কমিটি সবদিক দেখে গঠন করা হচ্ছে বলে মুকুল রায় জানান। দুর্গাপুজো পর্ব মিটে গেলেই কমিটি ঘোষণা দেওয়া হবে বলে তিনি জানান। প্রসঙ্গত, ক'দিন আগে মুকুলবাবু জানিয়েছিলেন তৃণমূল কংগ্রেসের সুপ্রিমো মমতা ব্যানার্জী ইউরোপ সফর করে এলে ত্রিপুরা প্রদেশ তৃণমূল কংগ্রেস কমিটি ঘোষণা দেওয়া হবে। কিন্তু দশ সেপ্টেম্বরই মমতা ব্যানার্জীর ইউরোপ থেকে কলকাতায় ফেরার কথা রয়েছে। এদিকে মুকুল রায় বিমানবন্দরে আরও জানান তিনি আগামী বাইশ সেপ্টেম্বর আগরতলায় আসবেন। আগামী তেইশ সেপ্টেম্বর আগরতলায় তৃণমূল কংগ্রেসের কেন্দ্রীয় যুব সমাবেশে তিনি উপস্থিত থাকবেন। যুব তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সভাপতি সাংসদ অভিষেক ব্যানার্জী সমাবেশে প্রধান বক্তা হিসাবে উপস্থিত থাকবেন।

## এনআইটির প্লেসমেন্টে এ বছর পাঁচশ চাকরি

**সংবাদ প্রতিনিধি, আগরতলা, ৯ সেপ্টেম্বর ঃ** এনআইটি আগরতলায় এবার চূড়ান্ত বর্ষের প্রায় পাঁচশ ছাত্রছাত্রীর ক্যাম্পাস প্লেসমেন্ট হচ্ছে। ছাত্রছাত্রীদের পছন্দের সংস্থায় চাকরি জন্য এ বছর ২৫টিরও বেশি কোম্পানি আসছে আগরতলায়। প্লেসমেন্ট শুরু হবে ২২ সেপ্টেম্বর থেকে, চলবে ৩০ অবধি। দ্বিতীয় পর্যায়ে প্লেসমেন্টের জন্য বেশ কয়েকটি নামীদামি সরকার অধিগৃহীত সংস্থাও আসছে এবার। এনআইটি আগরতলার অধিকর্তা ড: গোপাল মুগেরাইয়া এক সাক্ষাৎকারে এ খবর জানিয়েছেন। সপ্তাহব্যাপী ক্যাম্পাস প্লেসমেন্টে আসছে আইবিএম, টাটা মোটর্স, মারুতি সুজুকি, উইপ্রো, টিসিএস, ইনফোসিস, ফিয়াট ইণ্ডিয়া। এনআইটি আগরতলার ক্যাম্পাস প্লেসমেন্টে অবশ্য আগরতলা ছাড়াও এনআইটির মিজোরাম, মেঘালয়, শিলচরের ছাত্রছাত্রীরা অংশ নিতে পারবে। ২০০৬ শিক্ষাবর্ষে এনআইটির যাত্রা শুরুর বছরে ৩৮০জন ছাত্রছাত্রী ভর্তি হয়েছিল। এই সংখ্যা বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে স্নাতক ও স্নাতকোত্তর স্তরে ছাত্রভর্তির সংখ্যা ১,৪৩৫। বর্তমানে আগরতলায় স্নাতকোত্তরে ২২টি প্রোগ্রাম রয়েছে। ২৭৩জন পিএইচডি গবেষণা করছে। অধিকর্তা মুগেরাইয়া জানিয়েছেন, আগামী নভেম্বরে এনআইটির নবম সমাবর্তনে ত্রিশজনকে পিএইচডি ডিগ্রি দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। তিনি জানান, চলতি শিক্ষাবর্ষে এনআইটির ৫৬জন শিক্ষক বিদেশে নানান জায়গায় গবেষণামূলক অনুষ্ঠানে আমন্ত্রিত ছিলেন। তথ্য অনুযায়ী এ বছর বিটেক প্রথমবর্ষের ৭৪১টি আসনের মধ্যে ৬৯১জন ভর্তি হন। এদের ৪১০জনই ত্রিপুরার। শিক্ষার্থীদের একস্ট্রা কারিকুলাম হিসাবে শিক্ষা প্রতিষ্ঠানে সরকারী নানা প্রকল্প রূপায়ণের পাশাপাশি এ বছর এনআইটি আগরতলা রাজ্যের বিভিন্ন আইটিআই থেকে দশজন শিক্ষার্থীকে তুলে এনে এনআইটিতে এক বছরের প্রশিক্ষণের ব্যবস্থা করেছে। দশজনকে মাসিক তিন হাজার টাকা বৃত্তির ব্যবস্থাও করেছে। অধিকর্তা মুগেরাইয়া আশাবাদী প্রতিষ্ঠানটি প্রথম থেকে বিভিন্ন মহলের যে সহযোগিতা পেয়ে আসছে তা অব্যাহত থাকলে প্রতিষ্ঠানটির ব্র্যাণ্ড বিল্ডিংও অব্যাহত থাকবে। ড: মুগেরাইয়া দৃঢ়তার সঙ্গে জানান, এই প্রতিষ্ঠানটি ২০২০ সালের আগেই আইআইটিতে উন্নীত হতে পারবে। প্রসঙ্গক্রমে জানান, এনআইটিতে একটি আন্তর্জাতিক মানের স্পোর্টস কমপ্লেক্স এবং রবীন্দ্রনাথ ঠাকুর ব্লক (ছাত্রাবাস) নির্মাণের কাজ শেষ পর্যায়ে।


**State Resource Centre (SRC)**
Tripura State
(Under Society for Rehabilitation of Disables, Tripura)
Office of the Member Secretary
DDRC Complex, Shyamalibazar, Agartala, Tripura - 799006
Tel/fax 0381 235-2765 Email : srctripura@rediffmail.com
F.15/SRC/2015/VOL-2 Date : 09-09-2016

**Notice Inviting Tender**

Sealed Tenders are invited for purchase of some Aids & Appliances by the State Resource Centre, Tripura State, Shyamalibazar, DDRC Complex, Agartala from the bonafide, renowned licence holders, manufacturers or their authorized dealers/suppliers for such items upto **12.00 hour of 26.09.2016**.
The Terms & Conditions, specification etc. may be seen in the office/Notice Board of SRC, Shyamalibazar, Agartala on any working days or from the SRC website **No.http://tsu.trip. nic.in/src** or. **www.srctripura.gov.in.**

**Sd/- Illegible**
**Member Secretary**
**State Resource Centre, Tripura State**



**TRIPURA UNIVERSITY**
**(A Central University)**
**Suryamaninagar, Tripura -799022**
www.tripurauniv.in

**No. F.TU/DIR.CDC/GF (Coress)/82/2015 Date: 09/09/2016**

**Walk in Interview**

A Walk-in-interview for engagement of Guest Teachers for a period upto December, 2016 is going to be held on 20th September, 2016 at 11 A.M. at the Tripura University Administrative Building, for the Dept. of Commerce Tripura University.

The interview date, time and eligibility criteria with detailed information are available in Tripura University website (www.tripurauniv.in).

Intending candidate may attend the interview with full bio-data and relevant original documents and a set of Xerox copy. Candidate should report at least half an hour before the commencement of the interview.

No T.A./D.A. shall be paid for attending the interview.

**Smt. Sobha Deb Barma**
**Director, CDC, TU**



**ত্রিপুরা আরবান ট্রান্সপোর্ট কোম্পানী লিমিটেড**
**4th Floor সিটি সেন্টার, আগরতলা**

সেহা নং ১০(১)-টিইউটিসিএল/ ইওআই/২০১৪/III/ ৯৭২
তাং-৭/৯/২০১৬

**সিটি বাস পরিষেবার দরপত্র আহ্বান**

আগরতলা শহর ও শহর সংলগ্ন এলাকায় পুরোনো ও নতুন বেশ কয়েকটি রুটে নির্দিষ্ট নিয়মে চুক্তির মাধ্যমে সিটি বাস পরিষেবা সম্প্রসারণের জন্য দরপত্র আহ্বান করা হচ্ছে। রুটগুলো হলো- ২, ৩, ১১, ১২, ১৩, ১৪, ২১, ২২, ২৪ এবং ২৭। উক্ত রুটগুলোর এলাকা ও দূরত্ব এবং দরপত্র বিষয়ক বিভিন্ন তথ্য www.tripurainfo.com বা www.agartalacity.tripura.gov.in ওয়েবসাইটে দেখতে পাওয়া যাবে।

দরপত্র প্রদানে অংশগ্রহণের জন্য বিভিন্ন স্ব-উদ্যোগী সংস্থা, ব্যক্তি, অপারেটারস ও অন্যান্যদের অনুরোধ করা হচ্ছে। দরপত্র মং ১,০০০ (এক হাজার) টাকার বিনিময়ে আগামী ১৩.০৯.২০১৬ ইং থেকে ১৯.০৯.২০১৬ ইং তারিখ বিকেল ৩ ঘটিকা পর্যন্ত নিম্নে স্বাক্ষরকারীর অফিস থেকে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে। দরপত্র জমা দেওয়ার সময় দরখাস্তকারীকে নতুন ও এক বছরের পুরোনো গাড়ির জন্য মং ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা এবং এক বছর আগের পুরোনো গাড়ির জন্যে মং ২০,০০০ (কুড়ি হাজার) টাকা Earnest Money বাবদ এবং ওয়েবসাইট থেকে দরপত্র ডাউনলোড করলে তার জন্যে পৃথক ১,০০০ (এক হাজার) টাকার ডিমাণ্ড ড্রাফট ম্যানেজিং ডিরেক্টর, টি ইউ টি সি এল বরাবরে অবশ্যই জমা দিতে হবে। উক্ত অফিসে দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২২শে সেপ্টেম্বর, ২০১৬ ইং বিকেল ৪ ঘটিকা পর্যন্ত। এছাড়া, আগরতলাস্থিত পশ্চিম জেলার জেলা শাসক কার্যালয় এবং জয়েন্ট ট্রান্সপোর্ট কমিশনার-এর অফিস, পরিবহণ ভবনেও দরপত্র জমা দেওয়া যাবে। ডাকযোগেও নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র উক্ত অফিসগুলোতে পৌঁছানো যেতে পারে। দরপত্র খোলা হবে ২২শে সেপ্টেম্বর, ২০১৬ ইং বিকেল ৪ ঘটিকায় (সম্ভব হলে)। সিটি বাস পরিষেবার দরপত্র বিষয়ক বিস্তারিত বিবরণের জন্য আগরতলা পুর নিগমের সিটি সেন্টারের পাঁচতলাস্থিত ম্যানেজিং ডিরেক্টর, ত্রিপুরা আরবান্ ট্রান্সপোর্ট কোম্পানী লিমিটেড-এর অফিসে যোগাযোগ করা যেতে পারে। ম্যানেজিং ডিরেক্টর এবং বোর্ড অফ ডিরেক্টরস, টি ইউ টি সি এল দরপত্রের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের একমাত্র অধিকারী।

স্বাক্ষর- (রতন বিশ্বাস)
০৭/০৯/২০১৬
ম্যানেজিং ডিরেক্টর
টি ইউ টি সি এল, আগরতলা


# অধীরের কেল্লায় তৃণমূল শেষ বিরোধী দুর্গের পতন

**রাজীব মৈত্র, কলকাতা, ৯ সেপ্টেম্বর ঃ** মুর্শিদাবাদের 'সিরাজের' মাথায় তাজ শুধু এখন খসে পড়ার অপেক্ষা। সম্ভবত শুক্রবার থেকে মুর্শিদাবাদের হাজার দুয়ারির নেমপ্লেটে একটাই নাম-- মমতা বন্দ্যোপাধ্যায়। কারণ প্রবল চেষ্টা করেও নিজের জেলাতেও তৃণমূল নেত্রীর কাছে 'হার' মানতেই হচ্ছে অধীর চৌধুরিকে।

দুর্গ রক্ষা করতে পারলেন না মুর্শিদাবাদের আধুনিক 'সিরাজ' অধীর চৌধুরি। গত এক বছর ধরে লাগাতার চেষ্টার পর অবশেষে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীরবাবুর খাস-এলাকা মুর্শিদাবাদ জেলা পরিষদেরও দখল নিয়ে এল রাজ্যের শাসক দল। শুক্রবার মুর্শিদাবাদ জেলা পরিষদের আরও ৭ কংগ্রেস সদস্য এবং ৩ বাম সদস্য। এদিন ওই ১০ সদস্য একত্রে কলকাতার তৃণমূল ভবনে এসে এই দলে যোগদানের কথা ঘোষণা করেন। এই ১০ জনের মধ্যে সাতজনই মহিলা।

অর্থাৎ সোনারের ঠুকঠাক ছেড়ে এবার মহিলা ব্রিগেড দিয়েই অধীর-দুর্গে কামারের ঘা দিল তৃণমূল। গত সাত দিন ধরে কলকাতার তিনটি পৃথক হোটেলে একজন টিম লিডারের হেফাজতে এদের রাখা হয়েছিল বলে খবর। মুর্শিদাবাদ জেলা তৃণমূলের পর্যবেক্ষক তথা রাজ্যের পরিবহণমন্ত্রী শুভেন্দু অধিকারীও ঘোষণা করলেন, মুর্শিদাবাদ জেলা পরিষদে তৃণমূলের সদস্য সংখ্যা এখন ৩৯। ঘটনা হল, এতদিন কংগ্রেসের দরজায় কড়া নাড়লেও এ বার চৌকাঠ পেরিয়ে সটান জেলা পরিষদের ঘরে ঢুকতে পেরে স্বভাবতই খুশি তৃণমূলের জেলা সভাপতি তথা প্রাক্তন কংগ্রেস সাংসদ মান্নান হোসেন। এদিন তিনি বলেন, 'দিদিমণিকে এটা আমাদের পুজোর উপহার।'

২০১৩ সালের পঞ্চায়েত নির্বাচনে মুর্শিদাবাদ জেলা পরিষদে মাত্র একটি আসনে জয়ী হয়েছিল তৃণমূল। রাজ্যজুড়ে জোড়াফুলের প্রবল হাওয়া সেই অর্থে মুর্শিদাবাদে 'তুফান' তোলা তো দূরের কথা, সেই অর্থে 'দোলা'ও দিতে পারেনি। ৭০ আসনের জেলা পরিষদে কংগ্রেসের ছিল ৪২ এবং বামেদের ২৭ টি আসন। কিন্তু চলতি বছর থেকেই কংগ্রেস ও বামেদের ঘর ভাঙিয়ে জেলা পরিষদে নিজেদের সদস্যসংখ্যা বাড়ানোর অভিযানে নামে রাজ্যের শাসক দল। প্রায় দু'সপ্তাহ আগেই মুর্শিদাবাদ জেলায় তৃণমূলের পর্যবেক্ষক শুভেন্দু অধিকারী জানিয়েছিলেন, এক থেকে তৃণমূলের সদস্য সংখ্যা বেড়ে এখন ২৯ হয়েছে। দফায় দফায় কংগ্রেস থেকে ১৮ জন এবং বামেদের থেকে ১০ জন জেলা পরিষদ সদস্যকে ভাঙিয়ে এই ২৯-এ পৌঁছেছিল তৃণমূল। কিন্তু তার পরেও নিজেদের অবশিষ্ট ২৪ জন এবং মিত্র বামেদের অবশিষ্ট ১৭ জন জেলা পরিষদ সদস্যকে নিয়ে বোর্ডের দখল অটুট রেখেছিলেন মুর্শিদাবাদের 'রবিনহুড' অধীর চৌধুরি। শুক্রবার সেই অধীরের দুর্গই কার্যত ধসে গেল।

দলত্যাগী কংগ্রেস ও বাম সদস্যদের নিয়ে এদিন তৃণমূল ভবনে সাংবাদিক সম্মেলনে করলেন শুভেন্দুবাবু। মুর্শিদাবাদ জেলা পরিষদে তৃণমূল সংখ্যগরিষ্ঠ হয়ে গিয়েছে বলে তিনি আনুষ্ঠানিক ভাবে ঘোষণা করেন। শুভেন্দুর কথায়, 'আগামী সপ্তাহেই অনাস্থা প্রস্তাব আনা হচ্ছে মুর্শিদাবাদ জেলা পরিষদে। কংগ্রেসের বোর্ড ফেলে নতুন বোর্ড গঠন করবে তৃণমূল কংগ্রেস।'

## ছ'দিনের বিদেশ সফরে কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী

**নয়াদিল্লী, ৯ সেপ্টেম্বর ঃ** কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান আজ ছ'দিনের বিদেশ সফরের উদ্দেশ্যে রওনা দিলেন। এই সফরে তিনি সিঙ্গাপুর এবং লণ্ডন যাবেন। সিঙ্গাপুর সফরে কেন্দ্রীয় মন্ত্রী একটি রোড শো উদ্বোধন করবেন।

যেখানে দেখানো হবে পেট্রো এবং প্রাকৃতিক গ্যাস উৎপাদনে ভারতের ক্রমবর্ধমান উন্নতিকে। একইসঙ্গে মন্ত্রী কিপেল শিপইয়ার্ডস, জুরং-এর পেট্রোকেমিক্যাল হাব উদ্বোধনে যাবেন।

দু'দিনের সিঙ্গাপুর সফর সেরে লণ্ডনে মন্ত্রী সোমারভেলি কলেজ এবং অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে ভারতের দূষণহীন শক্তির ব্যবহার নিয়েও বক্তব্য রাখবেন। ওই সফরে লণ্ডনে পেট্রোকেমিক্যাল মন্ত্রী হং গ্রেড ক্লার্ক এবং স্কটল্যাণ্ডের শক্তি মন্ত্রীর সঙ্গে বৈঠক করবেন তিনি।

## কাশ্মীর পরিস্থিতি পর্যালোচনায় সেনাপ্রধান

**শ্রীনগর, ৯ সেপ্টেম্বর, (পি টি আই) ঃ** উপত্যকার অশান্ত পরিবেশ পর্যালোচনা করলেন সেনাপ্রধান দলবীর সিং। এদিন সকালে তিনি উপত্যকায় পৌঁছলে তাকে সর্বশেষ পরিস্থিতি নিয়ে অবহিত করান লেফটেন্যান্ট জেনারেল সতীশ দোয়া। এদিকে জুম্মাবার হওয়া সত্ত্বেও বেশ কিছু এলাকায় এদিন ফের কার্ফু জারি করতে হয়েছে। সরকারী সূত্র জানিয়েছে দক্ষিণ কাশ্মীরের বিভিন্ন এলাকায় পরিস্থিতি স্বাভাবিক করতে সেনাবাহিনী স্থানীয় প্রশাসনের সঙ্গে সহযোগীর ভূমিকায় থাকবে বলে জানিয়ে এসেছেন সেনাপ্রধান। সেনাপ্রধান দলবীর সিং কুপোয়ারা জেলাও সফর করেন। সেখানে নিয়ন্ত্রণ রেখার পরিবেশ পর্যালোচনা করেন। বিশেষ করে অনুপ্রবেশ ঠেকাতে সেনাবাহিনীর ব্যবস্থাপনাও পর্যবেক্ষণ করেন। দিল্লী ফিরে আসার আগে সেনাপ্রধান জম্মু কাশ্মীরের রাজ্যপাল এন এন ভোরার সঙ্গেও দেখা করেছেন।

## সূর্যমণিনগর স্কুলে পুরস্কার বিতরণী

**আগরতলা, ৯ সেপ্টেম্বর ঃ** সূর্যমণিনগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক/অভিভাবক দিবস ও বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান সম্পন্ন হয়েছে আজ। অনুষ্ঠানে শিক্ষা বিষয়ক বিভিন্ন আলোচনা শেষে মেধাবী ছাত্রছাত্রীদের পুরস্কৃত করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক রাজকুমার চৌধুরী, পঞ্চায়েত সমিতির সদস্য রঞ্জিত সাহা, মায়া রায়, গ্রাম প্রধান বিজয় দেব প্রমুখ। সভানেতৃত্ব করেন প্রধানশিক্ষিকা লিসা বর্দ্ধন।


**ফ্ল্যাট বিক্রয়**

South Kolkata-য় বিজয়গড় এবং বাঘাযতীনের কাছে উত্তম পরিবেশে Flat বিক্রয় করা হইবে। M- 9774300403/ 8794106166



**অতিরিক্ত কোচের সংযোজন**

যাত্রীদের অতিরিক্ত ভিড় সামলানোর জন্য নিম্নলিখিত ট্রেনে **অস্থায়ী ভিত্তিতে** নিম্নোক্ত মতো অতিরিক্ত কোচ সংযোজনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে :-

| ট্রেন নং. এবং নাম | কোচের ধরন | মেয়াদ |
|---|---|---|
| 05515 শিলচর-ধর্মনগর প্যাসেঞ্জার স্পেশাল | সাধারণ দ্বিতীয় শ্রেণী/ চেয়ার কার (দুই) | শিলচর থেকে 8.9.2016 থেকে 30.11.2016 |
| 05516 ধর্মনগর-শিলচর প্যাসেঞ্জার স্পেশাল | | ধর্মনগর থেকে 9.9.2016 থেকে 30.11.2016 |
| 05665 আগরতলা-ধর্মনগর প্যাসেঞ্জার স্পেশাল | | আগরতলা থেকে 9.9.2016 থেকে 30.9.2016 |
| 05666 ধর্মনগর-আগরতলা প্যাসেঞ্জার স্পেশাল | | ধর্মনগর থেকে 10.9.2016 থেকে 30.9.2016 |

rail badhe desh badhe

আমাদের দেখুন: https://www.facebook.com/NFRailway এবং https://twitter.com/railNf

জেনারেল ম্যানেজার (অপারেশনস্), মালিগাঁও
**উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে**
প্রসন্নচিত্তে রেল পরিষেবা



**ভারত সরকার ঃ বিত্ত মন্ত্রালয়**
**আয়কর কার্যালয় ঃ আগরতলা**
Tel : 0381-2313494. www.incometaxindia.gov.in
e-mail : agartala.addlcit@incometax.gov.in

Income Declaration Scheme IDS

- সঠিক আয় ঘোষণা করুন, সঠিক আয়কর দিন।
- PAN নিন, PAN উল্লেখ করুন। অফিস/ব্যাঙ্ক ইত্যাদি কর্তৃপক্ষ করদাতাদের থেকে PAN সংগ্রহ করে উল্লেখ করুন। না হলে Section 272B অনুযায়ী প্রত্যেকের 10,000/- টাকা জরিমানা হতে পারে।
- আয়কর কাটা হয়ে থাকলেও রিটার্ন জমা দেয়া বাধ্যতামূলক। না করলে 5000/- টাকা জরিমানা ও 7 বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে।
- করদাতারা প্রত্যেক আর্থিক বছরের শুরু থেকে মাঝামাঝির মধ্যে সম্ভাব্য মোট আয় হিসেব করে তার ওপর দেয় আয়কর থেকে TDS বা TCS (যা সোর্সে কেটে নেয়া হয়) বাদ দিয়ে দেখুন ব্যালেন্স 10,000/- টাকার বেশি হয় কিনা। যদি হয়, তাহলে আপনাদের সেই বছরের 31 মার্চের মধ্যে 4 কিস্তিতে (15 জুন, 15 সেপ্টেম্বর, 15 ডিসেম্বর, 15 মার্চ) এডভান্স ট্যাক্স দিতে হবে। না হলে Section 234B ও 234C অনুযায়ী মাসিক 2% সুদ ও Section 273 অনুযায়ী জরিমানা দিতে হবে।
- মিথ্যা Form- 60/61/15G/15H জমা দেবেন না। এ সবে দেয়া ঘোষণাগুলোর সত্যতা আয়কর দপ্তর অন্য সূত্র থেকে পাওয়া তথ্যের সঙ্গে যাচাই করে দেখে।
- ব্যাঙ্ক কর্তৃপক্ষ Form- 60/61/15G/15H সম্পূর্ণভাবে পূরণ করে তবেই পাঠাবেন। না করলে ঘোষণাকারী ও ব্যাঙ্কের জরিমানা হতে পারে।
- ভাড়াটেরা বার্ষিক 1,80,000 টাকার বেশি ভাড়া দিলে ভাড়ার টাকা থেকে ট্যাক্স কেটে জমা দেয়া বাধ্যতামূলক। না হলে সমপরিমাণ টাকা জরিমানা হবে।
- অফিসের DDO-রা ট্যাক্স কাটার পর 31 মে'র মধ্যে TDS Certificate (Form-16) করদাতাকে দিন এবং নির্দিষ্ট সময়ে Statement NSDL-এ upload করুন। নইলে আপনার দৈনিক ১০০ টাকা করে জরিমানা হতে পারে।

**পূর্বের অঘোষিত আয় বা সম্পদ থাকলে আজই Income Declaration Scheme, 2016-এ ঘোষণা করুন। টেনশন মুক্ত হোন। জেল, জরিমানা থেকে রেহাই পান। দেশের উন্নয়নে সাহায্য করুন।**

**স্কীম খোলা আছে ৩০ সেপ্টেম্বর, ২০১৬ পর্যন্ত**